**"জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৫" উদযাপন নিমিত্ত ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি: ফাতেমা তুল জান্নাত, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি.
সময়: ১.৪৫ ঘটিকা
সভার স্থান: সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ইলিশ আমাদের জাতীয় সম্পদ। আমাদের জাতীয় অর্থনীতিতে ইলিশ মাছের গুরুত্ব অপরিসীম। ইলিশ উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান প্রথম। ইলিশের স্থায়িত্বশীল উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবছর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয় যার মধ্যে জাটকা সংরক্ষণ অন্যতম। সরকারের নির্দেশনা অনুযায়ী ইলিশ উৎপাদন বাড়াতে জাটকা সংরক্ষণে সবাইকে এগিয়ে আসতে হবে। সভাপতির অনুমতিক্রমে জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ জাতীয় টাস্কফোর্স কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠান | জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ জানান যে, জাতীয় টাস্কফোর্স কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০৮ এপ্রিল হতে ১৪ এপ্রিল, ২০২৫ পর্যন্ত জাটকা আহরণ প্রবণ ২০ টি জেলার ২০ টি উপজেলায় "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫" পালন করা হবে। এর অংশ হিসেবে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫" এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এবারের প্রতিপাদ্য বিষয়, "জাটকা ধরা বন্ধ হলে, ইলিশ উঠবে জাল ভরে"। উক্ত কার্যক্রম এর অংশ হিসেবে উদ্বোধনের মাধ্যমে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও জেলেদের নিয়ে আলোচনা অনুষ্ঠান, র‍্যালি/ নৌ-র‍্যালি সফলভাবে পরিচালনা করার লক্ষ্যে জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ টাস্কফোর্স কমিটির সম্মানিত সদস্যদের কাছে সার্বিক সহযোগিতা কামনা করেন। | ইলিশ সম্পদ রক্ষায় সংরক্ষণ সপ্তাহ-২০২৫" কার্যক্রম সফল ভাবে সম্পন্ন করতে হবে। | জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটি। |
| ০২ | প্রচার প্রচারণা | জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ বলেন, প্রতিবছর ০১ নভেম্বর হতে পরবর্তী বছরের ৩০ জুন পর্যন্ত জাটকা আহরণ, পরিবহণ, ক্রয়-বিক্রয় ইত্যাদি নিষিদ্ধ ও আইনত , দন্ডনীয় অপরাধ। তিনি জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারণা, ব্যানার, মাইকিং, ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন। | "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫" এর কার্যক্রম বাস্তবায়ন ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং, লিফলেট, পোস্টার ব্যানারে প্রচারণা, এবং স্থানীয় সংবাদপত্রে প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ।<br>২. জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ। |
| ০৩ | সংশ্লিষ্ট কার্যক্রমের ভিডিও ক্লিপ প্রদর্শনী | "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫" এর কার্যক্রম বাস্তবায়নে জনগণের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় বাজার, জেলে-পল্লী ও মাছঘাটে ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শন বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট কার্যক্রমের ভিডিও প্রামাণ্যচিত্র গুরুত্বপূর্ণ জনবহুল স্থানে (স্থানীয় বাজার, জেলে-পল্লী ও মাছঘাট) প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারী সহযোগে নৌপথে এবং স্থলপথে অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন ও স্থানীয় আইন শৃংখলা বাহিনীর সক্রিয় অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট, মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণ সহযোগে নৌপথে বাংলাদেশ কোস্টগার্ড, নৌ পুলিশ এবং স্থলপথে স্থানীয় পুলিশ প্রশাসন ও আনসার সম্মিলিতভাবে অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১. জেলা প্রশাসন<br>২. উপজেলা প্রশাসন<br>৩. পুলিশ প্রশাসন<br>৪. নৌ পুলিশ<br>৫. কোস্টগার্ড<br>৬. জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ<br>৭. উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)। |
| ০৫ | ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রচারণা | মৎস্যজীবী জেলেপল্লীতে জাটকা সংরক্ষণ বিষয়ক সচেতনতা ও উদ্বুদ্ধকরণ সমাবেশ/ পথ নাটক/ আঞ্চলিক সংগীত/ লোক সংগীত ইত্যাদির মাধ্যমে জনগণকে সচেতন করার পাশাপাশি জেলেদের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা (নৌকা বাইচ, হাডুডু, সাঁতার ইত্যাদি) আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | মৎস্যজীবী জেলেপল্লীতে জাটকা সংরক্ষণ বিষয়ক সচেতনতার অংশ হিসেবে উপজেলা টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত ও সুবিধা অনুযায়ী স্ব স্ব উপজেলায় উদ্বুদ্ধকরণ সমাবেশ/ পথ নাটক/ আঞ্চলিক সংগীত/ লোক সংগীত এবং ক্রীড়া প্রতিযোগিতা (নৌকা বাইচ, হাডুডু, সাঁতার ইত্যাদি) আয়োজন করতে হবে। | জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফাতেমা তুল জান্নাত)
জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
মুন্সীগঞ্জ
ও
সভাপতি
জেলা টাস্কফোর্স কমিটি।

জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫ উদযাপন উপলক্ষ্যে জেলা টাস্কফোর্স কমিটির প্রস্তুতিমূলক সভায় সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির বিবরণ:

সভার তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি. সময়: ১.৪৫ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | আবদুল গনি ওসমানী<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | ০১৭৮২৬৮৭২৫২ | |
| 2. | বিপ্লব কুমার ঘোষ<br>উপপরিচালক, বিআরডিবি,<br>মুন্সীগঞ্জ | 01710143659 | |
| ৩. | মোঃ হুমায়ুন কবীর<br>পুলিশ পরিদর্শক<br>সদর কোর্ট ইনচার্জ | 01320093382 | |
| ৪. | তাপস চন্দ্র দেবনাথ<br>সহকারী [illegible] অফিসার<br>উপ [illegible], [illegible],<br>মুন্সীগঞ্জ [illegible] | 01817-125096 | ২৫/৩/২৫ |
| ৫. | মোহাম্মদ নুরুজ্জামান<br>সার্কেল অ্যাডজুট্যান্ট<br>আনসার ও ভিডিপি | 01715-812317 | ২৫/০৩/২৫ |
| ৬. | লিপি আক্তার<br>সহকারী পরিদর্শক<br>জেলা শিক্ষা অফিস | 01920860960 | ২৫/৩/২৫ |
| ৭. | মো: আলাল উদ্দিন<br>উপপরিচালক<br>সমাজসেবা, মুন্সীগঞ্জ | 01818353618 | |
| ৮. | মাহবুব আলম<br>ইনচার্জ মুক্তারপুর নৌ পুলিশ ফাঁড়ি। | 01716980911 | |

জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৫ উদযাপন উপলক্ষ্যে জেলা টাস্কফোর্স কমিটির প্রস্তুতিমূলক সভায় সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির বিবরণ:

সভার তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি. সময়: ১.৪৫ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৯. | আমানউল্লাহ সরকার<br>প্রতিনিধি, জাতীয় মৎস্যজীবী সমিতি, মুন্সীগঞ্জ। | 0172 8891221 | [signature] |
| ১০. | মোঃ মিলন বিশ্বাস<br>এস, আই (নৌ)<br>মুক্তারপুর নৌ পুলিশ ফাঁড়ি মুন্সীগঞ্জ | 01712-604311 | [signature] |
| ১১. | নূরুন নাহার<br>প্রতিনিধি, জেলা সমবায় কার্যালয় মুন্সীগঞ্জ। | 01716419010 | [signature] |
| ১২. | বাইজিদ [illegible]<br>সভাপতি, মুন্সীগঞ্জ [illegible] | 01711390680 | [signature] |
| ১৩. | আবুল হাসেম<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ | 01762-538585 | [signature] |
| ১৪. | শেখ রাসেল<br>সহকারী মৎস্য কর্মকর্তা<br>জেলা মৎস্য দপ্তর, মুন্সীগঞ্জ | 01316-622591 | [signature] |
| | | | |
| | | | |